সংবাদ

ঢাকা : সোমবার ২২ কার্তিক ১৪২৪ পৃঃ ০৫
Dhaka : Monday 6 November 2017



তারাকান্দা (ময়মনসিংহ) : ব্রি ধান-৭১ এর কর্তন দিবসে কৃষক ও কর্মকর্তারা –সংবাদ

# আগামজাত ব্রি ধান ৭১-র বাম্পার ফলন

প্রতিনিধি, তারাকান্দা (ময়মনসিংহ)

ময়মনসিংহের তারাকান্দা উপজেলার আমন মৌসুমে উঁচু ও সমতল ফসলি জমিতে আগাম জাত ব্রি ধান একাত্তর আবাদ করে বাম্পার ফলন পেয়েছে চাষিরা। আর এর ফলে কৃষকের মুখে ফুটেছে আনন্দের হাসি। এ ধান কাটার পরপরই ঐ জমিতে তারা নতুন ফসল আবাদে উৎসাহিত হয়ে উঠেছেন। জানা যায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অধিক ফসল উৎপাদনের লক্ষ্যে রাজস্ব খাতের অর্থায়নে উপজেলা কৃষি অফিসের তত্ত্বাবদানে দেশব্যাপী ব্রি ধান 'একাত্তর' বীজ তলা থেকে ধান কর্তন জীবন কাল ১১৪-১১৭ দিন আবাদে দেশের উঁচু সমতল কৃষি এলাকা গুলো চিহিত করে উপজেলা ভিত্তিক পরিকল্পিত প্রদর্শনীর মাধ্যামে কৃষকদের উদ্বুদ্ধ করন কর্মসূচি গ্রহণ করা হয়।

তারাকান্দা

এ কর্মসূচির আওতায় তারাকান্দা কৃষি অধিদপ্তর কামারিয়া, ঢাকুয়া ও তারাকান্দা ইউনিয়নের কৃষকদের উদ্বুদ্ধ করে ৬টি প্রদর্শনী গুচ্ছাকারে আমন ব্রি 'একাত্তর' বীজতলা থেকে শুরু করে দেখবাল করে গত বৃহস্পতিবার তারাকান্দা ইউনিয়নের গোপালপুর গ্রামের প্রদর্শনী শস্য ব্রি 'একাত্তর' ধান কর্তন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা সালাহ উদ্দিন কায়সার, উপসহকারী কৃষি অফিসার মতিউর রহমান, উপসহকারী কৃষি কর্মকর্তা নজরুল ইসলাম, স্থানীয় ইউপি সদস্য মোস্তাফিজুর রহমান, এলাকার চাষি সমাজ। সফল এ কর্মসূচির খবর চড়াও হলে এলাকার কৃষকদের মধ্যে আলোড়ন সৃষ্টি হয়েছে। গোপালপুর প্রদর্শনীর কৃষক আজিজুল হকের সাথে কথা হলে তিনি বলেন বাম্পার ফলনে দারুন খুশি। কৃষক আব্দুল গফুর সরকার, আব্দুর রহমান মন্ডল, আব্দুল মন্নান, আব্দুল জলিল অনেকেই আগামীতে ব্রি একাত্তর আবাদ করবেন বলে ইচ্ছা ব্যক্ত করেছেন। তারা বলেছেন স্বল্প মেয়াদি ধান কাটার পর একই জমিতে রবি শস্য আর্থাৎ আলু সরিষা ইত্যাদি বাড়তি ফসল আবাদ করা সম্ভব হবে। কৃষি কর্মকর্তা জানান, পূর্বে তারাকান্দা ব্রি একাত্তর ধানের চাষ হত না। এবারই প্রথম কৃষি সম্প্রসার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্বাবধানে ব্রি একাত্তর ধানের আবাদ হয়েছে। কৃষকরা বাম্পার ফলন পেয়েছে। আগামী এ জাতের ধানের প্রচুর আবাদ হওয়ার সম্ভবনা রয়েছে। তিনি আরও জানান, ৬টি প্রদর্শনী প্লটসহ ছয় হেক্টর জমিতে ব্রি একাত্তর ধান আবাদ প্রতি হেক্টরে ৬ মেট্রিক টন ধান পেয়েছে কৃষক।